অতিব জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mora.gov.bd

স্মারক নম্বর- ১৬.০০.০০০০.০০১.২৩.০০৪.১৭/৮৩৯

তারিখ : ২১ জ্যৈষ্ঠ, ১৪২৫ / ০৪ জুন, ২০১৮

বিষয় : আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০১৮ খ্রি: (১৪৩৯ হিজরী) উদযাপনের লক্ষ্যে সরকারি কর্মসূচি নির্ধারণকল্পে গত ২৯/০৫/২০১৮ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার দুপুর ২.০০ ঘটিকায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আনিছুর রহমান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

**সংযুক্তি: সভার কার্যবিবরণী**

(মো: শিব্বির আহমদ উছমানী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৩০৭
ফ্যাক্স: ৯৫১২২৮৬
e-mail: moragovbd@gmail.com

বিতরণ : (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬. মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৭. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৯. মহামান্য রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১০. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. ভারপ্রাপ্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
২৯. অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), মালিবাগ, ঢাকা।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৩০. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৩১. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ।
৩২. চেয়ারম্যান, স্পারসো, আগারগাঁও, ঢাকা।
৩৩. ওয়াকফ্ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, মগবাজার, ঢাকা।
৩৪. মহাপরিচালক, এসএসএফ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩৫. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৩৬. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩৭. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৩৮. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
৩৯. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় যাদুঘর, শাহবাগ, ঢাকা।
৪০. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪১. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪২. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
৪৩. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪৪. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, রমনা, ঢাকা।
৪৫. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৪৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কো: লি:, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
৪৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪৮. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪৯. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫০. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৫১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
৫২. জেলা প্রশাসক, ..........................................................।
৫৩. সিভিল সার্জন, ঢাকা।
৫৪. পরিচালক, আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫৫. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫৬. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৫৭. পরিচালক, শিশু একাডেমী, শাহবাগ, ঢাকা।
৫৮. পরিচালক (দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ), ইসলামিক ফাউন্ডেশন,বায়তুল মোকাররম, ঢাকা।
৫৯. উপ-পুলিশ কমিশনার, (ট্রাফিক দক্ষিণ বিভাগ), ঢাকা মেট্রোপলিটন পুলিশ।
৬০. সিনিয়র তথ্য অফিসার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬১. নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, কাকরাইল, ঢাকা।
৬২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬৩. প্রোগ্রামার (চ: দা:), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(সভার কার্যবিবরণীটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৬৪. মুতাওয়াল্লী/ইমাম, হাইকোর্ট মাজার মসজিদ, ঢাকা।

**স্মারক নম্বর- ১৬.০০.০০০০.০০১.২৩.০০৪.১৭/৮৩৯** **তারিখ : ২১ জ্যৈষ্ঠ, ১৪২৫ / ০৪ জুন, ২০১৮**

**সদয় জ্ঞাতার্থে :**

১. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (হজ/অনুদান/প্রশাসন/সংস্থা)এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপসচিব (প্রশাসন/হজ/উন্নয়ন)এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অফিস কপি।

(মো: শিব্বির আহমদ উছমানী)
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mora.gov.bd

বিষয় : আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৮ খ্রি: (১৪৩৯ হিজরি) উদযাপন উপলক্ষে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: আনিছুর রহমান, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

সময় ও তারিখ : ২৯/০৫/২০১৮ খ্রি.; দুপুর ২.০০ ঘটিকা।

স্থান : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ১৫১৫, ভবন নম্বর-৬ বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

যথাযোগ্য ধর্মীয় মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর-২০১৮ (১৪৩৯ হিজরি) উদযাপনের প্রস্তুতি গ্রহণের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো: আনিছুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

০২। সভার শুরুতে সভাপতি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ হতে আগত প্রতিনিধিদের স্বাগত জানান এবং নিজ নিজ পরিচয় প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি পবিত্র ঈদ-উল-ফিতর যথাযথ ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে বিগত বছরের ন্যায় উদযাপনের উপর গুরুত্ব আরোপ করেন এবং ঈদ-উল-ফিতর এর জাতীয় কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভার কার্যপত্র উপস্থাপনের জন্য তিনি যুগ্মসচিব (প্রশাসন)-কে অনুরোধ করেন। যুগ্মসচিব (প্রশাসন) আসন্ন ঈদ-উল-ফিতর সুচারুরূপে উদযাপনের লক্ষ্যে প্রণীত সভার কার্যপত্র উপস্থাপন করেন। অত:পর সভায় কার্যপত্র অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১.০ | ১.১ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাণী প্রদান। | ১.১.১ পবিত্র ঈদ-উল-ফিতর ১৮ উপলক্ষে প্রতি বছরের ন্যায় মহামান্য রাষ্ট্রপতির বাণী প্রদান। | রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ/আপন বিভাগ/পিআইডি, তথ্য মন্ত্রণালয়)। |
| | ১.২ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান। | ১.২.১ পবিত্র ঈদ-উল-ফিতর ১৮ উপলক্ষে প্রতি বছরের ন্যায় মাননীয় প্রধানমন্ত্রীর জাতির উদ্দেশ্যে বাণী প্রদান। | প্রধানমন্ত্রীর কার্যালয়। |
| ২.০ | মুসলিম দেশের কূটনীতিকদের দাওয়াত প্রদান। | পবিত্র ঈদ-উল-ফিতর ১৮ উপলক্ষে প্রতি বছরের ন্যায় পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মুসলিম দেশের কূটনীতিকগণকে দাওয়াত প্রদান। | পররাষ্ট্র মন্ত্রণালয়/ পিআইডি। |
| ৩.০ | ঈদ-উল-ফিতর এর জামাত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার। | প্রতি বছরের ন্যায় ঈদ-উল-ফিতর ১৮ এর জামাত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং দৈনিক সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে বহুল প্রচার এবং বিগত বছরের ন্যায় এ বছরেও পবিত্র ঈদ- উল-ফিতর উপলক্ষে পুরুষের পাশাপাশি মহিলাদের জন্য (জাতীয় ঈদগাহ-এর দক্ষিণ দিকে মহিলাদের জন্য আলাদা প্রবেশ পথসহ) আলাদা আসন ব্যবস্থা রাখার বিষয়টি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার। | তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন। |
| ৪.০ | জাতীয় ঈদগাহে প্রধান জামাতের জন্য ইমাম, উপস্থাপক ও ক্বারী নিয়োগ। | ইমাম নিয়োগের ব্যাপারে ইসলামিক ফাউন্ডেশন বিশিষ্ট ৫ জন আলেমের একটি তালিকা, পবিত্র কুরআন তেলাওয়াতের জন্য ৫ জন বিশিষ্ট ক্বারী ও ঈদের জামাত অনুষ্ঠান পরিচালনার জন্য ৫ জন উপস্থাপকের তালিকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br>উক্ত তালিকা হতে একজন ইমাম ও একজন বিকল্প ইমাম, একজন ক্বারী ও একজন বিকল্প ক্বারী এবং একজন উপস্থাপক ও একজন বিকল্প উপস্থাপক ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়োগ করা হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন। |
| ৫.০ | ঈদ-উল-ফিতর এর পূর্বে জাতীয় ঈদগাহ ময়দানের মাঠ প্রস্তুতকরণ। | ৫.ক) ঈদের জামাত যাতে বৃষ্টি বিঘ্নিত না হয় সে জন্য জাতীয় ঈদগাহ মাঠ সমতলকরণ, ঘাস কর্তন এবং আবর্জনা পরিস্কারকরণ সহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা।<br>(খ) জাতীয় ঈদগাহ ময়দানে সম্পূর্ণ মাঠ জুড়ে ত্রিপল টানানো।<br>(গ) আকাশ মেঘলা থাকলে লাইটিং এর ব্যবস্থা করা।<br>(ঘ) অতিরিক্ত বৃষ্টি হলে পানি সরানোর জন্য গণপূর্ত বিভাগের পাশাপাশি ওয়াসা পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করবে।<br>(ঙ) ওয়াসা প্রয়োজনে ফায়ার সার্ভিসের সাথে যোগাযোগপূর্বক পানি নিষ্কাশনের জন্য যৌথ প্রস্তুতি গ্রহণ করতে পারে। পানি নিষ্কাশনের প্লাট ফরম তৈরী করার জন্য ফায়ার সার্ভিস ও গণপূর্ত অধিদপ্তর আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা।<br>(চ) ঈদের দিন জাতীয় ঈদগাহ ময়দানে দৃশ্যমান স্থানে বিশেষ মেডিকেল টিম রাখার ব্যবস্থা করা।<br>(ছ) ঈদগাহ মাঠে আগত মুসল্লিদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ওয়াসা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/সিভিল সার্জন, ঢাকা/ এসএসএফ/ডিএমপি/বিশেষ শাখা, সুপ্রীম কোর্ট, রেজিস্ট্রার জেনারেল কার্যালয়/বাংলাদেশ স্কাউটস। |

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৬.০ | ৬.১ ঈদ-উল-ফিতর/১৮ এর প্রধান জামাতের সময় নির্ধারণ ও আবহাওয়া প্রতিকূল হলে অন্যত্র জামাতের আয়োজন করা। | ক) আবহাওয়া অনুকূলে থাকলে জাতীয় ঈদগাহ, হাইকোর্ট প্রাঙ্গণ, ঢাকাতে সকাল ৮.৩০ ঘটিকায় ঈদ-উল-ফিতর এর প্রধান জামাতের আয়োজন করা এবং আবহাওয়া প্রতিকূল হলে প্রধান জামাত সকাল ৯.০০ ঘটিকায় বায়তুল মোকাররম মসজিদে আয়োজনের ব্যবস্থা করা ।<br>খ) আবহাওয়া দুর্যোগপূর্ণ হলে প্রধান ঈদের জামাত বায়তুল মোকাররমে স্থানান্তরের তাৎক্ষণিক সিদ্ধান্ত প্রদানের জন্য বিভাগীয় কমিশনার, ঢাকাকে আহবায়ক করে ইসলামিক ফাউন্ডেশন, ডিএমপি কমিশনার, আবহাওয়া অধিদপ্তর, স্পারসো, কেবিনেট ডিভিশন ও তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে বিগত বছরের ন্যায় কমিটি গঠন করা যেতে পারে। কমিটি প্রধান জামাতের পূর্বে যে কোন সময়ে দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য বায়তুল মোকাররমে নামাজের জামাত স্থানান্তরের সিদ্ধান্ত দিবে ।<br>গ) মহিলাদের ঈদের নামাজ আদায়ের জন্য আলাদা ব্যবস্থা রাখা হবে। বিদেশী রাষ্ট্রদূত/কূটনীতিবিদ এবং তাদের পত্নীদের নামাজ আদায়ের জন্য পূর্ব থেকেই জায়গা সংরক্ষণের ব্যবস্থা নেয়া। | ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন,<br>ইসলামিক ফাউন্ডেশন,<br>বাংলাদেশ বেতার,<br>বাংলাদেশ টেলিভিশন।<br><br>খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,<br>বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ<br>ইসলামিক ফাউন্ডেশন,<br>পুলিশ কমিশনার, ডিএমপি,<br>আবহাওয়া অধিদপ্তর,<br>স্পারসো, মন্ত্রিপরিষদ বিভাগ ও তথ্য মন্ত্রণালয়।<br>গ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| ৭.০ | ঢাকা শহরের প্রধান প্রধান মসজিদের ঈদের নামাজ এবং বৃহত্তর জেলা সমূহের প্রধান জামাতের সময়সূচি বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনে/ বেসরকারি প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা। | ৭. ঢাকা শহরের প্রধান প্রধান মসজিদের ঈদের নামাজ এবং বৃহত্তর জেলা সমূহের প্রধান জামাতের সময়সূচি সংগ্রহ করে ইসলামিক ফাউন্ডেশন/জেলা প্রশাসন ঈদের দিনের পূর্বেই বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সকল বে-সরকারি চ্যানেলগুলোকে অবহিত করা এবং বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ও পিআইডি উহা প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। এ ছাড়া ইসলামিক ফাউন্ডেশন প্রধান প্রধান জামাতের সময়সূচি সংক্রান্ত ছোট পুস্তিকা/লিফলেট প্রচারের ব্যবস্থা করবে। জাতীয় ঈদগাহে অনুষ্ঠিত জামাত টেলিভিশনসমূহে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন,<br>ইসলামিক ফাউন্ডেশন,<br>বাংলাদেশ বেতার,<br>বাংলাদেশ টেলিভিশন । |
| ৮.০ | ঈদের মাঠে অভ্যর্থনা জ্ঞাপন। | ৮.(ক) মহামান্য রাষ্ট্রপতি, মন্ত্রিপরিষদের মাননীয় সদস্যবৃন্দ, মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টাবৃন্দ,বিদেশী কূটনীতিক, উর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্তকর্তাসহ সংশ্লিষ্টদের অভ্যর্থনা জানানো।<br>৮.(খ) অভ্যর্থনা জ্ঞাপনে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, ঢাকা, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ডিএমপি কমিশনার, পররাষ্ট্র মন্ত্রণালয়, জেলা প্রশাসক, ঢাকা, ডেপুটি পুলিশ কমিশনার, রমনা এর কার্যালয়ের প্রধান/প্রতিনিধি উপস্থিত থাকবেন। | মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, ঢাকা, কমিশনার, ডিএমপি, ডিজি, ইসলামিক ফাউন্ডেশন, পররাষ্ট্র মন্ত্রণালয়, জেলা প্রশাসক, ঢাকা । |
| ৯.০ | জাতীয় ঈদগাহ, ঢাকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-কে অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক সহায়তা প্রদান । | **জাতীয় ঈদগাহ, হাইকোর্ট প্রাঙ্গন, ঢাকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠানে নিম্নোক্ত বিষয়ের পাশাপাশি উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে সহায়তা প্রদান করবে:**<br>৯.১. প্রয়োজনীয় সংখ্যক মাইক সরবরাহ করা, বিদ্যুৎ ব্যবস্থা বিঘ্নিত হলে যাতে নামাজের অসুবিধা না হয় সেজন্য পর্যাপ্ত সংখ্যক ব্যাটারী/ জেনারেটর- এর ব্যবস্থা রাখা। | গণযোগাযোগ অধিদপ্তর,<br>গণপূর্ত অধিদপ্তর,<br>ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ। |
| | | ৯.২ নিরাপত্তা ও আইন শৃঙ্খলা নিশ্চিত করা। সে লক্ষ্যে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি বাংলাদেশ স্কাউটদের নিয়োজিত করা। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়,<br>পুলিশ সদর দপ্তর,<br>ঢাকা মেট্রোপলিটন পুলিশ, বাংলাদেশ স্কাউটস। |
| | | ৯.৩ আগত মুসুল্লিদের গাড়ী পার্কিং-এর ব্যবস্থা। | ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ট্রাফিক বিভাগ (দক্ষিণ), ডিএমপি । |
| | | ৯.৪ ঈদগাহ মাঠের বহির্গমন রাস্তা সহজ রাখার জন্য ভিক্ষুকদেরকে বহির্গমন গেটে/ রাস্তায় ভিড় না করার ব্যবস্থা করা। | ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ট্রাফিক বিভাগ (দক্ষিণ), ডিএমপি । |
| | | ৯.৫ অগ্নি নির্বাপণ ব্যবস্থা প্রস্তুত রাখা | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর । |
| | | ৯.৬ বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা। | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ। |
| | | ৯.৭ ওজুর পানি ও পাত্র সরবরাহ করা। | ঢাকা ওয়াসা,<br>ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| | | ৯.৮ মুসুল্লীগণের অজু করার জন্য সহায়তা প্রদান। অজুর স্থানসমূহ পূর্ব থেকেই খোলা রাখা এবং হাইকোর্ট মাজারের কর্মচারীগণকে উপস্থিতি নিশ্চিতকরণ। | গণপূর্ত অধিদপ্তর,<br>ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন,<br>মুতাওয়াল্লী, হাইকোর্ট মাজার কমিটি, এবং ইমাম হাইকোর্ট মাজার মসজিদ । |

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | ৯.৯ নামাজের বিছানা, চাদর ইত্যাদির বন্দোবস্ত করা। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| | | ৯.১০ ঈদগাহ ময়দানে জরুরি টেলিফোন সংযোগপূর্বক ঈদের নামাজের নির্ধারিত সময়ের পূর্বেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা টেলিফোনের অবস্থান এবং টেলিফোন নম্বর সংশ্লিষ্ট সকলকে অবহিত করা। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ / ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, ঢাকা। |
| | | ৯.১১ কেউ হারিয়ে গেলে তাকে অনুসন্ধানের জন্য অনুসন্ধান কেন্দ্র স্থাপন করতে হবে এবং মাইকে ঘোষণা করার ব্যবস্থা রাখতে হবে। অনুসন্ধান কেন্দ্র, গাড়ীর প্রবেশ ও প্রস্থান এবং পার্কিং সম্বলিত নির্দেশনা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ডিএমপি। |
| | | ৯.১২ জাতীয় ঈদগাহে ঈদের প্রধান জামায়াতের সার্বিক দায়িত্ব পরিচালনা করা।<br>৯.১৩ ঈদের নামাজের শেষে মুসল্লিগণের সহজে মাঠ হতে বহির্গমণের জন্য সুপ্রিম কোর্টের সাথে আলোচনা করে ঈদগাহের পূর্ব দিকে আরো ২টি নতুন বহির্গমন পথ স্থাপন করা। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর। |
| ১০ | ঈদের অন্যান্য অনুষ্ঠান (জাতীয় পতাকা উত্তোলন, সড়ক সজ্জিত করা ও আলোক সজ্জা করা)। | ১০.১ সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন :<br>অতীতের ন্যায় সরকারি ভবনসমূহের জন্য গণপূর্ত অধিদপ্তর ও বেসরকারি ভবনের জন্য নিজ নিজ মালিক ও ব্যবস্থাপকগণ জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা করা। এ বিষয়ে সংশ্লিষ্টরা যাতে অবহিত থাকেন সেজন্য তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং জাতীয় দৈনিক পত্রিকাসমূহে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। সকল জেলা প্রশাসক এবং বিভাগীয় কমিশনার কে এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনা দেয়া। | তথ্য মন্ত্রণালয়,<br>গণপূর্ত অধিদপ্তর,<br>বাংলাদেশ বেতার,<br>বাংলাদেশ টেলিভিশন<br>মন্ত্রিপরিষদ বিভাগ |
| | | ১০.২ জাতীয় পতাকা ও ''ঈদ মুবারক'' (বাংলা ও আরবীতে) খচিত ব্যানার দ্বারা বনানী ঢাকা গেইট হতে বঙ্গভবন পর্যন্ত প্রধান প্রধান সড়ক এবং সড়ক দ্বীপ (আইল্যান্ড সমূহ) সজ্জিত করা হবে। রাস্তাগুলো নিম্নরূপ:<br>হযরত শাহজালাল (রহঃ) বিমান বন্দর হতে সড়কদ্বীপসহ বনানীর ঢাকা গেইট, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, ছাত্র -শিক্ষক কেন্দ্র, কার্জন হল, আব্দুল গণি রোড, বঙ্গবন্ধু এভিনিউ, ডি আই টি এভিনিউ, নর্থ-সাউথ রোড এবং বঙ্গভবন হয়ে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট, ঢাকা ক্লাব, তোপখানা রোড, দৈনিক বাংলা মোড় হয়ে বঙ্গভবন পর্যন্ত। জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের চারিপার্শ্বের রাস্তাসমূহ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখের রাস্তা ও প্রধানমন্ত্রীর সরকারি বাস ভবনের সম্মুখের রাস্তা। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর। |
| | | ১০.৩ আলোক সজ্জা: ঈদের দিবাগত রাত্রিতে নির্দিষ্ট সরকারি ভবন সমূহে **(বঙ্গভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন, বাংলাদেশ সচিবালয় ভবন, সুপ্রিম কোর্ট ভবন, পররাষ্ট্র মন্ত্রণালয়, ওসমানী মিলনায়তন)** সীমিত আকারে আলোকসজ্জার ব্যবস্থা করা। বিশেষ করে বায়তুল মোকাররম মসজিদকে ব্যাপকভাবে আলোকসজ্জা করা।<br>উপরের ১০.২ ও ১০.৩ এর বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে সড়ক সজ্জিতকরণ এবং আলোক সজ্জার জন্য গত বছরের ন্যায় এ বছরেও মোট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা গণপূর্ত অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করা। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর। |
| | | ১০.৪ তিন বাহিনীর হেড কোয়ার্টারে এবং সামরিক গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে স্ব-স্ব ব্যবস্থানায় সীমিত আকারে আলোকসজ্জার ব্যবস্থা করা। | সশস্ত্র বাহিনী বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| ১১ | ঈদের দিন বিশেষ অনুষ্ঠান প্রচার | ১১.০ বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সরকারি-বেসরকারি প্রচার মাধ্যমে ব্যাপক প্রচার। ঈদের দিন বিশেষ অনুষ্ঠান প্রচার এবং সংবাদপত্রসমূহে বিশেষ সংখ্যা প্রকাশ করা।<br>ঈদের বিশেষ অনুষ্ঠানসমূহে অন্যান্য প্রোগ্রামের পাশাপাশি সাধারণ মধ্যবিত্ত শ্রেণী ও গ্রামের মানুষের বিনোদনের জন্য নতুন আঙ্গিকে উন্নত মানের নতুন প্রোগ্রাম তৈরী করে বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনসহ সরকারি-বেসরকারি সকল প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা। | তথ্য মন্ত্রণালয়,<br>বাংলাদেশ বেতার,<br>বাংলাদেশ টেলিভিশন। |
| ১২ | দেশের বিভিন্ন হাসপাতাল, কারাগার ও সরকারি শিশু সদনে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশন ও ঈদের গুরুত্ব সম্পর্কে ঈদের পূর্বে সেমিনার/আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা | ১২.১ দেশের বিভিন্ন হাসপাতাল, কারাগার, শিশু সদন, ছোটমনি নিবাস, সামাজিক প্রতিবন্ধী কেন্দ্র, আশ্রয় কেন্দ্র, সেফ হোমস্, ভবঘুরে কল্যাণ কেন্দ্র ও দুঃস্থ কল্যাণ কেন্দ্রে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশনের ব্যবস্থা গ্রহণ। | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং<br>সমাজ কল্যাণ মন্ত্রণালয়। |
| | | ১২.২ ঈদ-উল-ফিতর/১৮ এর গুরুত্ব সম্পর্কে ঈদের পূর্বেই সেমিনার/ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা। সম্ভব হলে রেডিও টিভিতে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা এবং বায়তুল মুকাররম মসজিদে রোজার সময় যে আলোচনা অনুষ্ঠান হয় তা সরাসরি অথবা অংশ বিশেষ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে সম্প্রচারের ব্যবস্থা করা। তথ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে বেসরকারি টিভি চ্যানেলগুলোকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া। | তথ্য মন্ত্রণালয়,<br>বাংলাদেশ বেতার,<br>বাংলাদেশ টেলিভিশন,<br>ইসলামিক ফাউন্ডেশন। |

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৩ | ঈদের দিন ও ঈদের পর বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনা করা। | ১৩.১ মহানগরীর বিভিন্ন স্থানে রাষ্ট্রীয় নীতির সাথে সংগতিপূর্ণ ডকুমেন্টারী ফিল্ম/চলচ্চিত্র প্রদর্শন। ডকুমেন্টারী ফিল্ম তৈরীর ক্ষেত্রে অন্যান্য মুসলিম দেশের ধর্মীয় অনুষ্ঠানাদি, রীতি ও রেওয়াজকে গুরুত্ব দিয়ে নতুন আঙ্গিকে নতুন ধারার অনুষ্ঠানমালা তৈরীর অগ্রাধিকার দেয়া। | তথ্য মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (DFP)। |
| | | ১৩.২ ঈদের দিন সুবিধা বঞ্চিত শিশুদের বিনা টিকেটে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-এর আওতাধীন সকল শিশু পার্কে প্রবেশ এবং বিনোদনের ব্যবস্থা করতে হবে। শিশুদের মধ্যে চকলেট/চিপস বিতরণের বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন ব্যবস্থা গ্রহণ করবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ ইসলামিক ফাউন্ডেশন। |
| | | ১৩.৩ ঈদের দিন সুবিধা বঞ্চিত শিশুদের বিনা টিকেটে ঢাকা যাদুঘর, আহসান মঞ্জিল, লালবাগের কেল্লা ইত্যাদি দর্শনীয় স্থান প্রবেশ এবং তা প্রদর্শনের ব্যবস্থা করা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় যাদুঘর কর্তৃপক্ষ। |
| | | ১৩.৪ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা। নতুন আঙ্গিকে উন্নতমানের প্রোগ্রাম তৈরী করে প্রচারের ব্যবস্থা করা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| | | ১৩.৫ মহানগরীতে প্রীতি ফুটবল ম্যাচ ও নৌকা বাইচ এর ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ক্রীড়া পরিদপ্তর । |
| | | ১৩.৬ বাংলাদেশ শিশু একাডেমীতে শিশুদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করা। এ বাবদ বাংলাদেশ শিশু একাডেমীর অনুকূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমী । |
| | | ১৩.৭ ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে আয়োজিতব্য অনুষ্ঠানমালার তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | ইসলামিক ফাউন্ডেশন । |
| ১৪ | ১৪.১ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক সরকারি কর্মসূচির আলোকে ঈদ-উল- ফিতর/১৮ উদযাপন | ১৪.১.১ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক যথাযোগ্য মর্যাদার সঙ্গে সরকারি কর্মসূচির আলোকে ঈদ- উল- ফিতর-২০১৮ উদযাপন এর ব্যবস্থা করা । | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| | | ১৪.১.২ মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সমূহ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। | |
| ১৫ | অন্যান্য | ১৫.১ বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারগণ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রধানগণ কর্তৃক জাতীয় কর্মসূচির আলোকে নিজ নিজ কর্মসূচি প্রণয়ন পূর্বক ঈদ-উল-ফিতর-২০১৮ উদযাপন।<br>সম্ভব হলে আসন্ন ঈদের কর্মসূচিতে অথবা পরবর্তী ঈদ থেকে জেলা পর্যায়ে কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ শিশু একাডেমী ও জেলা প্রশাসনের সম্মিলিত উদ্যোগে শিশুদের জন্য নতুন আঙ্গিকে উন্নতমানের প্রোগ্রাম এর ব্যবস্থা করা। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন । |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-০৩/০৬/২০১৮খ্রি:
(মো: আনিছুর রহমান)
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ।